# কিভাবে বাইবেল পাঠ করতে হয়।

# বাইবেল পাঠের পদ্ধতি

## How to Study the Bible

লেখক ঃ টমাস ম্যাফরী
অনুবাদ ঃ স্টিফেন পি, ঢালী
সম্পাদনায় ঃ সাইলাস এম, নাথ

ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইন্‌ষ্টিটিউট
পোষ্ট বক্স ৭০০, ঢাকা-
বাংলাদেশ।

প্রকাশনায় ঃ
আই, সি, আই
৪০১/১ নিউ ইস্কাটন রোড
পোষ্ট বক্স ৭০০
ঢাকা-২, বাংলাদেশ।

সর্বস্বত্ব সংরক্ষিত
ছাপা ১০০০ কপি
১৯৮৫ ইং

©1985 All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium
D/1985/2145/191

মুদ্রণ ও সরবরাহে ঃ লিমকো প্রসেস
৬ বাংলাবাজার
ঢাকা-১

CL 2220-BN

# সূচীপত্র


পৃষ্ঠা

দুটিকথা... ... ... ... ...৫

পাঠ ১ : কেন বাইবেল অধ্যয়ন করবেন......১২

পাঠ ২ : বাইবেল সম্পর্কে মৌলিক তথ্যাবলী...৩৩

পাঠ ৩ : সাহিত্য হিসাবে বাইবেল অধ্যয়ন......৫৬

পাঠ ৪ : বাইবেল অধ্যয়নের প্রস্তুতি............৮৩

পাঠ ৫ : বই হিসাবে অধ্যয়ন...............১০৯

পাঠ ৬ : প্রসংগ ভিত্তিক অধ্যয়ন............১৩০

পাঠ ৭ : জীবন মূলক অধ্যয়ন...............১৫৫

পাঠ ৮ : ধ্যানমূলক অধ্যয়ন...... ... ......১৭৫

# দুটি কথা

ঈশ্বরের বাক্য বাইবেলে প্রত্যেক ব্যক্তির জন্য ঈশ্বরের পরিকল্পনা প্রকাশ করা হয়েছে। তা হল যীশুখ্রীষ্টকে ব্যক্তিগত ত্রাণকর্তা রূপে গ্রহণ করবার মাধ্যমে আমাদের উদ্ধার পরিকল্পনা। যখনই আমরা তা করি তখনই আমরা উদ্ধার পাই।

আমাদের জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা গ্রহণ করবার পর আমাদের জীবন ও চরিত্রকে যেমন খ্রীষ্টের মত করে তুলতে হবে তেমনি অন্যদের কাছেও খ্রীষ্টের ভালবাসার কথা বলতে হবে যেন তাদের জীবনও পরিবর্তিত হতে পারে। আমরা যখন বাইবেল অধ্যয়ন করি তখন পবিত্র আত্মা আমাদের কাছে ঈশ্বরকে প্রকাশ করেন, আর পবিত্র আত্মার প্রতি অনুকূল সাড়া দেওয়ার মাধ্যমে আমরা সুষ্ঠুভাবে আমদের দায়িত্ব পালন করতে পারি।

ঈশ্বরের বাক্য অধ্যয়নের সময় আমাদের গভীর মনোযোগ দেওয়া প্রয়োজন। পবিত্র আত্মা আমাদের শিক্ষা দেন সত্য, কিন্তু আমাদের নিজেদেরও মনোযোগী হতে হবে। বাইবেলের গভীর সত্য বুঝবার জন্য প্রয়োজন সযত্নে অধ্যয়ন।

এ বইটিতে বাইবেলের মূল সত্যগুলি তুলে ধরা

হয়েছে এবং বাইবেল অধ্যয়নের কয়েকটি পদ্ধতি দেওয়া হয়েছে। কোন পরিকল্পনা ছাড়া একটা ঘর নির্মাণ করা, একটা পোশাক তৈরী করা কিম্বা স্কুলে সাফল্যের সাথে লেখা পড়া করা খুবই কঠিন কাজ হবে। নির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী কাজ করলে যে কোন কাজই অপেক্ষাকৃত উপভোগ্য ও লাভজনক হয়ে ওঠে। নিজে শেখার এই আধুনিক পদ্ধতি আপনাকে শিক্ষনীয় বিষয় সহজে শিখতে ও সংগে সংগে তা জীবনে প্রয়োগ করতে সাহায্য করবে।

## পাঠ্য বই

বাইবেল পাঠের পদ্ধতি একটা ছোট আকারের পকেট বই যা আপনি সব সময় সংগে রাখতে ও সময় সুযোগ মত পড়ে নিতে পারেন। তবে প্রতিদিন বইটি পড়বার জন্য একটা নির্দিষ্ট সময় আলাদা করে রাখতে চেষ্টা করবেন।

প্রতিটি পাঠের প্রথম দুই পৃষ্ঠা অবশ্যই বিশেষ মনোযোগ দিয়ে পড়বেন। এর ফলে আপনার মন পাঠখানি পড়বার জন্য প্রস্তুত হয়ে উঠবে। এর পর পাঠের এক একটি অংশ পড়ে যান এবং "আপনার করণীয়" অংশের কাজগুলি করুন। বইয়ে কোন প্রশ্নের উত্তর লিখবার যথেষ্ট জায়গা না থাকলে সেগুলি একটা নোট খাতায় গুছিয়ে লিখুন যেন পরে সহজে খুঁজে পান। আপনি য

দলীয় ভাবে এই কোর্সটি অধ্যয়ন করেন তাহলে দল-নেতার নির্দেশ মেনে চলুন।

দেখবেন যে প্রতিটি পাঠের শুরুতে সেই পাঠের লক্ষ্য-গুলি দেওয়া হয়েছে। একটা পাঠ অধ্যয়ন করে আপনি কি কি আশা করতে পারেন, পাঠের লক্ষ্য বলতে তাই বোঝানো হয়েছে। একটা লক্ষ্য, একটা উদ্দেশ্য বা গন্তব্য স্থলের মত। লক্ষ্যগুলি মনে রেখে অধ্যয়ন করলে আপনি ভালভাবে শিখতে পারবেন।

## কিভাবে প্রশ্নের উত্তর দিতে হবে

এই বইয়ে বিভিন্ন প্রকার প্রশ্ন আছে। নীচে এদের নমুনা ও উত্তর দেওয়ার পদ্ধতি দেখানো হয়েছে।

**বাছাই প্রশ্নে** আপনাকে প্রদত্ত উত্তরগুলির মধ্য থেকে সঠিক উত্তরটি বেছে বের করতে বলা হয়।

### বাছাই প্রশ্নের উদাহরণ—

**১।** বাইবেল মোট

ক) ১০০টি বই আছে।

খ) ৬৬টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

সঠিক উত্তর হল খ) ৬৬টি বই আছে। তাই আপনাকে আপনার বইয়ে খ) এর পাশে টিক চিহ্ন দিতে হবে, যেমন নীচে দেখানো হয়েছে ঃ

**১।** বাইবেলে মোট—

ক) ১০০টি বই আছে।

✓খ) ৬৬টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

(কোন কোন বাছাই প্রশ্নে একাধিক সঠিক উত্তর থাকতে পারে। সে ক্ষেত্রে আপনাকে প্রতিটি সঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিতে হবে।)

**সত্য-মিথ্যা** প্রশ্নে আপনাকে কতগুলি উক্তির মধ্য থেকে সত্য উক্তিগুলি মনোনীত করে তার পাশে টিক চিহ্ন দিতে বলা হয়েছে।

## সত্য-মিথ্যা প্রশ্নের উদাহরণ—

**২।** নীচের কোন উক্তিগুলি সত্য?

ক) বাইবেলে মোট ১২০টি বই আছে।

✓খ) বাইবেলে বর্তমান কালের বিশ্বাসীদের জন্য বার্তা আছে।

গ) বাইবেলের সব লেখকরাই হিব্রু ভাষায় তাদের বই লিখেছিলেন।

√ ঘ) পবিত্র আত্মা বাইবেলের লেখকদের অনুপ্রাণিত করেছিলেন।

খ ও ঘ এর উক্তি দুটি সঠিক। তাই উপরে যেমন দেখানো হয়েছে সেইভাবে ঐ দুটি উক্তির পাশে টিক চিহ্ন দিতে হবে।

**মিল—দেখানোর** প্রশ্নে কোন্ বর্ণনা কার সম্বন্ধে, বাইবেলের কোন বই কে লিখেছেন ইত্যাদি বিষয়গুলির মধ্যে সম্বন্ধ দেখাতে বলা হয়।

## মিল-দেখানোর প্রশ্নের উদাহরণ—

**৩।** নীচের বাক্যগুলি যে নেতার বিষয় বর্ণনা করে সেই নেতার সংখ্যাটি নিয়ে উপযুক্ত বাক্যের পাশের খালি জায়গায় বসান।

১। ক) সীনয় পর্বতে ঈশ্বরের ব্যবস্থা লাভ করেছিলেন। ১) মোশি

২। খ) ইস্রায়েল সন্তানদের যর্দন পার করিয়ে নিয়েছিলেন। ২) যিহোশূয়

২। গ) যিরীহোর চারিদিকে প্রদক্ষিণ করেছিলেন।

১। ঘ) ফরৌণের রাজ প্রাসাদে বাস করেছিলেন।

ক ও ঘ মোশির প্রতি ইংগিত করে এবং খ ও গ যিহোশূয়ের সম্বন্ধে বলে। আপনাকে ক ও ঘ এর পাশে ১ লিখতে হবে ও খ ও গ এর পাশে ২ লিখতে হবে, যেমনটি উপরে দেখানো হয়েছে।

## ছাত্র রিপোর্ট

সার্টিফিকেট লাভ করা যদি আপনার অধ্যয়নের উদ্দেশ্য হয় তবে এই বইটির সাথে আপনি একখানি ছাত্র রিপোর্টের পুস্তিকা পাবেন। এই পুস্তিকার দুটি অংশ আছে, কখন কোন অংশের কাজ করতে হবে তা পাঠ্য বই থেকেই যথা সময়ে জানতে পারবেন।

ছাত্র রিপোর্টের নির্দেশ অনুযায়ী তা আপনার এলাকার আই-সি-আই অফিসে পাঠিয়ে দেবেন। এই বইয়ের দ্বিতীয় পৃষ্ঠায় অথবা ছাত্র রিপোর্টের পিছনের মলাটে আপনার এলাকার আই-সি-আই অফিসের ঠিকানা পাবেন। ছাত্র-রিপোর্ট পেলে পর আমরা আপনাকে একখানি আকর্ষণীয় সার্টিফিকেট পাঠিয়ে দেব।

## বইটির লেখক

টমাস মাফোরী আফ্রিকার একজন পালক। তিনি তাঁর দেশেই পড়াশুনা করে সেখানেই কাজ করছেন।

তিনি রিপাবলিক অব সাউথ আফ্রিকার রাস্টেনবার্গ এ অবস্থিত বাইবেল কলেজে তিন বছর পড়াশুনা করেছেন এবং এখনও আই-সি-আই পাঠ্যক্রমের আওতায় পড়া চালিয়ে যাচ্ছেন।

শিক্ষাদান ও পালকীয় কাজ ছাড়াও মিস্টার মাফোরী তার দেশ ও সমাজের প্রতিও সেবা পরায়ন। তিনি দুই বছর যাবৎ স্কুল বোর্ডের সেক্রেটারী হিসাবে কাজ করেছেন। তিনি ও তাঁর স্ত্রী মাত্সেডিসো দুই সন্তানের বাবা-মা।

এখন আপনি প্রথম পাঠ আরম্ভ করতে চ্র এই অধ্যয়নের মাধ্যমে ঈশ্বর আপনাকে প্রচুর আশীর্বাদ চ .